অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শর্তসাপেক্ষে গাঁজা চাষ বিলে স্বাক্ষর করলেন

বিলটি নিউ ইয়র্কের হেম্প চাষীদের এই বসন্তে গাঁজা ফলানোর সুযোগ প্রদান করে

শর্তসাপেক্ষে লাইসেন্সসমূহ স্টেটের প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা কর্মসূচি ত্বরান্বিত করে এবং নিউ ইয়র্কের চাষীদের অগ্রাধিকার প্রদান করে

চাষের লাইসেন্স দ্বারা শুরু করা হলে তা আসন্ন প্রাপ্তবয়স্কদের ব্যবহারের কর্মসূচি শুরু করার জন্য পণ্য উপলভ্য থাকা নিশ্চিত করতে সাহায্য করবে

এর মধ্যে রয়েছে ন্যায্যতা ও অন্তর্ভুক্তি, এবং পরিবেশগতভাবে টেকসই হওয়া নিশ্চিত করার বিধান

গভর্নর ক্যাথি হোকল আজকে বিধিমালায় স্বাক্ষর করেছেন যেটি একটি নতুন শর্তসাপেক্ষে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা চাষীর লাইসেন্স (Conditional Adult-use Cannabis Cultivator license) তৈরি করে, নিউ ইয়র্কের বিদ্যমান হেম্প চাষীরা যাতে আসন্ন প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজার বাজারের জন্য 2022 ফলানোর মৌসুমে গাঁজা ফলানোর শর্তসাপেক্ষ লাইসেন্সের জন্য আবেদন করতে পারে তার একটি পথ স্থাপন করে। আইনটির অধীনে, শর্তসাপেক্ষে লাইন্সেস পাওয়া গাঁজা চাষীদের অবশ্যই বিশেষ কিছু আবশ্যিকতা পূরণ করতে হবে, যার মধ্যে রয়েছে নিরাপদ, টেকসই এবং পরিবেশবান্ধব চাষ অনুশীলন, একটি সামাজিক ন্যায্যতা মেন্টরশিপ কর্মসূচিতে অংশগ্রহণ, এবং একটি বোনা ফাইডি শ্রমিক সংগঠনের সাথে একটি শ্রম শান্তি চুক্তিতে জড়িত হওয়া।

"আমি এই বিলটিতে স্বাক্ষর করতে পেরে গর্বিত, এটি নিউ ইয়র্কের চাষীদের সবার প্রথমে গাঁজা ফলানো এবং আমরা যেই নিরাপদ, ন্যায্য এবং অন্তর্ভুক্তিমূলক নতুন শিল্প গঠন করছি তা শুরু করে দেওয়ার অবস্থানে নিয়ে যাবে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের মহান স্টেটের প্রতিটি কোনার প্রত্যেক নিউ ইয়র্কবাসীদের জন্য অর্থনৈতিক সুযোগ ও প্রবৃদ্ধি নিয়ে আসার আমাদের যে প্রতিশ্রুতি তা পূরণ করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেট নেতৃত্ব দিয়ে যাবে।"

অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন, "গত বছর, অনেক বছরের লড়াইয়ের পর, আমরা অবশেষে গাঁজা প্রবিধান ও কর আইন (Marijuana Regulation and Taxation Act, MRTA) প্রণয়ন করতে পেরেছি, এবং আমরা নব্বই বছরের বেশি সময় ধরে

গাঁজা নিষেধাজ্ঞার অসম প্রয়োগ বহু জীবন ও সম্প্রদায়ের উপর যেই বিধ্বংসী প্রভাব ফেলেছে তা মোচন করার কাজ শুরু করেছি। MRTA নিশ্চিত করে যাতে বৈধ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের বাজার গড়ে উঠে নিউ ইয়র্ক স্টেটের মাদকের বিরুদ্ধে যুদ্ধ (War on Drugs) দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত অশ্বেতাঙ্গ সম্প্রদায়সমূহ এবং ব্যক্তিদের প্রতি ন্যায্যতা এবং অর্থনৈতিক ন্যায়বিচারের উপর কেন্দ্র করে। বিলটি পাশ হওয়ার ফলে, আমরা অস্থায়ী শর্তসাপেক্ষে চাষীদের অনুমোদন প্রদান করা এবং নিউ ইয়র্কের বর্তমান হেম্প চাষীদের লাইসেন্স প্রক্রিয়া করার মাধ্যমে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাজার শিল্পের একটি দায়িত্বশীল শুরু সৃষ্টি করার সুযোগ পেয়েছি। কর্তৃপক্ষ নিশ্চিত করতে সাহায্য করবে যাতে খুচরা ডিসপেনসারি খুলে গেলে প্রাপ্তবয়স্কদের গাঁজা বাজারের চাহিদা মেটানোর জন্য পর্যাপ্ত নিরাপদ, নিয়ন্ত্রিত, এবং পরিবেশগতভাবে সচেতন গাঁজা পণ্য উপলভ্য থাকে। গুরুত্বপূর্ণভাবে, বিধিমালাটি একটি সামাজিক ইকুইটি মেন্টরশিপ কর্মসূচির (Social Equity Mentorship Program) ডাক দেয়, যা গাঁজা চাষ ও প্রক্রিয়াজাতকরণে আগ্রহী সামাজিক ও অর্থনৈতিক ইকুইটি অংশীদারদের জন্য একটি সম্ভব এবং অন্তর্ভুক্ত পথ সৃষ্টি করবে যাতে তারা এই উদীয়মান শিল্পের ব্যাপারে অমূল্য জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করতে পারে। বিলটি দ্বারা অনুমোদিত অস্থায়ী শর্তসাপেক্ষ লাইসেন্সগুলি পরিশেষে MRTA-র লক্ষ্য ও লক্ষ্য বাস্তবায়নে সাহায্য করবে।"

সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "আজকে নিউ ইয়র্কের জন্য একটি আনন্দের দিন কারণ নিউ ইয়র্কের চাষীদের গাঁজা বাজারটি শুরু করার ক্ষমতা দানকারী আমাদের বিলটি আইন হিসাবে স্বাক্ষরিত হয়েছে। MRTA আমাদের স্টেটের জন্য সত্যিকারের চক্রাকার গাঁজা অর্থনীতি গঠন করতে পাড়ার ভিত্তি স্থাপন করছে যা নিউ ইয়র্কের চাষীদের এবং ক্ষুদ্র ব্যবসা ডিসপেনসারিসমূহকে ফলন ও উৎপাদনের কেন্দ্রে স্থাপন করে, এবং এই বিলটি স্বাক্ষর করার ফলে, চাষীরা এখন জমিতে বীজবপন করতে পারবে করবে যা নিশ্চিত করবে যে আমরা যাতে ক্রমবর্ধমান এই শিল্পের চাহিদা মেটাতে পারি। আমরা যাতে দেশের সবথেকে অগ্রসর চিন্তার এবং সামাজিকভাবে ন্যায্য গাঁজা শিল্প গঠন করার কাজ শুরু করতে পারি তার জন্য এই বিলের ব্যাপারে জরুরি পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

সিনেটর লিজ ক্রুগনার বলেন, "বিধিমালাটি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের বাজারে যাতে গাঁজার পর্যাপ্ত সরবরাহ থাকে তা নিশ্চিত করার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা একইসাথে নিউ ইয়র্কের চাষীদের অগ্রাধিকার প্রদান করে, সামাজিক ও অর্থনৈতিক মেন্টরশিপ কর্মসূচি সমর্থন করে, এবং পরিবেশগতভাবে টেকসই কৃষি অনুশীলনকে উৎসাহিত করে। আমি অতি গুরুত্বপূর্ণ এই কর্মসূচিটি অগ্রসর করার ক্ষেত্রে গভর্নর এবং গাঁজা ব্যবস্থাপনা অফিসের (Office of Cannabis Management, OCM), এবং একই সাথে সিনেটর হিঞ্চি এবং অ্যাসেম্বলির সংখ্যাগরিষ্ঠ নেতা পিপলস-স্টোকসের নেতৃত্বের প্রশংসা করছি। "

অ্যাসেম্বলি সদস্য ডনা লুপার্ডো বলেন, "আমি গভর্নরকে এবং আমার আইনসভার সহকর্মীদেরকে নিউ ইয়র্কের হেম্প চাষীদের জন্য জরুরি এই বিধিমালা সমর্থন করার জন্য। এইসব প্রাথমিক ঝুঁকি গ্রহীতাদের নিঃসন্দেহে প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা বাজার শুরু করার জন্য প্রয়োজনীয় জ্ঞান ও অভিজ্ঞতা রয়েছে। এবং তারা এই শিল্পে প্রবেশ করতে চায় এমন একটি নতুন, বৈচিত্র্যময় চাষী ও উদ্যোক্তাদের গোষ্ঠীকে পরামর্শ দেওয়ার সেরা অবস্থানে রয়েছে।"

গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের (Cannabis Control Board) প্রধান ট্রেমেইন রাইট বলেন, "আমি নিউ ইয়র্কে একটি নিরাপদ, উপলভ্য এবং স্থিতিশীল গাঁজা শিল্প গঠনে আমাদের প্রচেষ্টাকে সমর্থন করার জন্য গভর্নর এবং আইনসভার প্রতি কৃতজ্ঞ। আইনটি নিউ ইয়র্কের চাষীদের গাঁজা ফলানোর ক্ষেত্রে সম্মুখসারিতে স্থাপন করে, যা সঠিক সময়ে হওয়া প্রাপ্তবয়স্কদের ব্যবহারের কর্মসূচি শুরু করার জন্য আমাদের প্রচেষ্টার জন্য অতি গুরুত্বপূর্ণ। বিলটি দ্বারা, আমরা নতুন যে গাঁজা শিল্প গঠন করছি তার সম্মুখসারিতে ন্যায্যতা ও অন্তর্ভুক্তিকে স্থাপন করছি।"

নিউ ইয়র্ক স্টেটের গাঁজা নিয়ন্ত্রণ বোর্ডের (NYS Cannabis Control Board) সদস্য ও সাবেক সিনেট কৃষি প্রধান জেন মেটজেগার বলেন, "বিধিমালাটি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের কর্মসূচির সূচনাকে প্রাকৃতিক উৎপাদনের মৌসুমের সাথে একই সারিতে আনে যাতে করে যখন ডিসপেনসারিগুলি খুলে দেওয়া হবে তখন সূর্যের আলোতে ফলানো গাঁজা পণ্য উপলভ্য থাকে। আমি আইনসভায় আমার প্রাক্তন সহকর্মীবৃন্দ এবং গভর্নর হোকলকে দ্রুত পদক্ষেপের জন্য ধন্যবাদ জানাই এবং টেকসই চাষাবাদ অনুশীলনের এবং অর্থপূর্ণ সামাজিক ইকুইটি মেন্টরশিপ সুযোগের প্রচারকারী একটি শর্তসাপেক্ষে লাইসেন্স প্রদানের কর্মসূচি তৈরি করতে আমার বোর্ডের সহকর্মীদের সাথে কাজ করতে উন্মুখ।"

গাঁজা ব্যবস্থাপনা অফিসের নির্বাহী পরিচালক ক্রিস আলেকজান্ডার বলেন, "আমাদেরকে হারানো সময়ের ক্ষতি পুষিয়ে নেওয়ার হাতিয়ার প্রদানের জন্য এবং একইসাথে নিউ ইয়র্কে আমরা যেই গাঁজা শিল্প গঠন করছি তার কেন্দ্রে ন্যায্যতা ও অন্তর্ভুক্তি রাখার জন্য আমি গভর্নর হোকল ও আইনসভার ভূয়সী প্রশংসা করছি। বিলটি দ্বারা আমরা নিউ ইয়র্কের চাষীদের আমাদের শিল্পের সম্মুখসারিতে স্থাপন করছি, বড় কর্পোরেশনগুলিকে নয়, এবং একই সাথে নিরাপদে উৎপাদিত পণ্য প্রদানের মাধ্যমে জনস্বাস্থ্যকে সুরক্ষিত করছি। আমরা অবিলম্বে বিলটি বাস্তবায়নের কাজ শুরু করছি যাতে করে আমাদের চাষীরা এই বসন্তে বীজবপন শুরু করতে পারে।"

একটি শর্তসাপেক্ষ প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য গাঁজা চাষের লাইসেন্স দিয়ে চাষীরা লাইসেন্স ইস্যু হওয়ার দুই বছর পর্যন্ত ঘরের বাইরে বা একটি গ্রিনহাউজে ফলাতে পারবে। এটি তাদের 1 জুন, 2023 পর্যন্ত প্রাপ্তবয়স্কদের জন্য প্রক্রিয়াজাতকরণ বা বিতরণ লাইসেন্স ছাড়াই গাঁজা ফুল পণ্যসমূহ উৎপাদন ও বিতরণ করতে দিবে। চাষীরা ঘরের বাইরে এক একর (43,560 বর্গফুট) ফুল লাগানোর ছাউনি বা গ্রিনহাউজে 25,000 বর্গফুট স্থানে সীমাবদ্ধ থাকবে এবং 20টি পর্যন্ত কৃত্রিম বাতি ব্যবহার করতে পারবে। এছাড়াও তারা ঘরের বাইরের স্থান ও গ্রিনহাউজে ভাগাভাগি করে ফলাতে পারবে, যেখানে মোট 30,000 বর্গফুট ছাউনি থাকতে পারবে এবং গ্রিনহাউজের ফুল লাগানোর ছাউনি 20,000 বর্গফুটের কম হতে হবে।

OCM একটি লাইসেন্স আবেদন প্রক্রিয়া তৈরি করবে এবং যত দ্রুত সম্ভব কর্মসূচিটি শুরু করবে। একটি প্রাপ্তবয়স্কদের ব্যবহারের জন্য শর্তসাপেক্ষে গাঁজা চাষের লাইসেন্স পেতে উপযুক্ত হওয়ার জন্য, আবেদককে অবশ্যই কৃষি ও বাজার ডিপার্টমেন্টের (Department of Agriculture and Markets) একটি অনুমোদিত শিল্পজাত হেম্প গবেষণা অংশীদার হতে হবে, গত চার বছরের মধ্যে অন্তত দুই বছর হেম্পের নেশাজাত নয় এমন ক্যানাবিনয়েড উপাদানের জন্য এর চাষ

করতে হবে এবং 31 ডিসেম্বর, 2021 এ যখন গবেষণা কর্মসূচিটি শেষ হয়েছে তখন একটি ভালো অবস্থানে থাকতে হবে।

লাইসেন্সধারীদের এছাড়া একটি সামাজিক ইকুইটি মেন্টরশিপ কর্মসূচিতে অবশ্যই অংশগ্রহণ করতে হবে যেখানে তারা সামাজিক ও অর্থনৈতিক ইকুইটি অংশীদারদেরকে গাঁজা চাষ ও প্রক্রিয়াজাতকরণের প্রশিক্ষণ প্রদান করবে, তাদের শিল্পে সম্ভাব্য ভূমিকা রাখার জন্য প্রস্তুত করবে। এছাড়াও চাষীদেরকে টেকসই আবশ্যিকতা পূরণ করতে হবে যাতে একটি পরিবেশগত বিবেকবান উপায়ে গাঁজা চাষ নিশ্চিত করা যায়।

গভর্নরের আজকের পদক্ষেপের ভিত্তি হলো নিউ ইয়র্কে নতুন গাঁজা শিল্পকে প্রাণদান করতে তার এবং OCM-র দ্রুত কাজ করা। জানুয়ারিতে, গভর্নরের নির্বাহী বাজেট একটি 200 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাবনা প্রদান করে যা শিল্পের লাইসেন্স করার ফি এবং রাজস্ব ব্যবহার করে গাঁজা নিষিদ্ধ থাকার সময় একে অতিমাত্রার অপরাধ হিসেবে বিবেচনা করার ফলে প্রভাবিত সম্প্রদায়সমূহ থেকে উপযুক্ত আবেদকদের সমর্থন প্রদান করতে ব্যবহার করা হবে। গভর্নর এবং আইনসভা এছাড়াও দ্রুত কাজ করে তার প্রশাসনের শুরুর পর মাত্র কয়েক সপ্তাহের মধ্যেই গাঁজা নিয়ন্ত্রণ বোর্ড এবং OCM নেতৃবৃন্দকে নিয়োগ দেন করেছে। 5 অক্টোবর বোর্ডের প্রথম বৈঠকের পর থেকে, OCM:

- ক্যানাবিনয়েড হেম্প কর্মসূচি (Cannabinoid Hemp Program) শুরু করেছে, জনসাধারণের সুরক্ষা ও নিউ ইয়র্কের ক্যানাবাইডিওল (Cannabidiol, CBD) ব্যবসাসমূহকে প্রতিযোগিতা করতে সাহায্য করার বিধান স্থাপন করেছে;
- মেডিকেল গাঁজা কর্মসূচির (Medical Cannabis Program) উপলভ্যতাকে ব্যাপকভাবে সম্প্রসারণ করেছে, যার মধ্যে রয়েছে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের ক্ষমতায়ন যা মেডিকেল গাঁজা তাদের রোগীদের সাহায্য করতে পারবে কিনা তা নির্ণয় করতে দেয়, স্থায়ীভাবে রোগীদের ফি মওকুফের মাধ্যমে দাম কমানো, এবং রোগী প্রত্যায়িত করতে পারে এমন প্রদানকারীদের তালিকা বৃদ্ধি করা; এবং
- 11টি আঞ্চলিক ইভেন্ট দ্বারা কমিউনিটি আউটরিচ ইভেন্টের প্রথম ঢেউ শুরু করা, যার মধ্যে রয়েছে স্প্যানিশে একটি, যেখানে ইতিমধ্যে 5,000-র বেশি অংশগ্রহণকারী জড়িত হয়েছে; এবং
- অফিসের ক্রমবর্ধমান দলে যোগ দেওয়ার জন্য এবং অফিসকে সমর্থনকারী অবকাঠামো গঠনের জন্য প্রতিভাবান পেশাদারদের একটি পাইপলাইন তৈরি করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন